BANGLADESH GARMENTS ACCESSORIES & PACKAGING MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION [BGAPMEA]
বাংলাদেশ গার্মেন্টস্ এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)

নং-বিজিএপিএমইএ/প্রশাসন/সার্কুলার/২০২৪/২৮৯ তারিখঃ ০১-১২-২০২৪

বিজিএপিএমইএ এর সম্মানীত
সদস্যবৃন্দ।

বিষয়ঃ গ্যাপেক্সপো-২০২৫ মেলায় স্টল বুকিং, এ্যাপারেল এক্সেসরিজ নিউজ লেটার এর 'গ্যাপেক্সপো সংখ্যায়' লেখা প্রদান, অনুষ্ঠিতব্য গ্যাপেক্সপো উপলক্ষ্যে বিভিন্ন ইভেন্টে অংশগ্রহন, 'কাস্টমস বন্ড অটোমেশন সিস্টেমে আবেদন দাখিল' সংক্রান্ত প্রশিক্ষনে অংশগ্রহন এবং বিজিএপিএমইএ এর গ্রুপ ইন্স্যুরেন্সে অন্তর্ভুক্তির সর্বশেষ তাগাদা।

প্রিয় মহোদয়,
আসসালামুআলাইকুম।

০১। **আগামী ০৮-১১ জানুয়ারী, ২০২৫ তারিখ ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় (আইসিসিবি) ৪ ও ৫নং হলে অনুষ্ঠিত হবে ১৪তম গ্যাপেক্সপো** মেলা। আপনার পণ্য বা সেবার প্রচার ও প্রসারের জন্য আজই স্টল বুকিং দিন। শুধুমাত্র ৫নং হলে আর মাত্র কয়েকটি স্টল খালি আছে। স্টল বুকিংয়ের লে-আউটসহ আবেদন ফরম সংযুক্ত করা হলো (সংযোজনী-০১)।

০২। গ্যাপেক্সপো-২০২৫ চলাকালীন প্রকাশিত হবে বিজিএপিএমইএ কর্তৃক ত্রৈমাসিক প্রকাশনা **এ্যাপারেল এক্সেসরিজ নিউজ লেটার এর 'গ্যাপেক্সপো সংখ্যা'**। গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিং সম্পর্কে আপনার ভবিষ্যৎ ভাবনা লেখার মাধ্যমে গ্যাপেক্সপো সংখ্যায় প্রকাশ করে সবার মাঝে ছড়িয়ে দিন।

০৩।গ্যাপেক্সপো উপলক্ষ্যে অনুষ্ঠিত হচ্ছে **(ক) রচনা প্রতিযোগিতা, (খ) দাবা প্রতিযোগিতা, (গ) স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী, (ঘ) বৃক্ষদান কর্মসূচী, (ঙ) মেধাবৃত্তি, (চ) সুকন্যা বৃত্তি**। ১৫ ডিসেম্বর, ২০২৪ এর মধ্যে নিবন্ধন করুন/লেখা জমা দিন/আবেদন করুন। বিস্তারিত সংযোজনী-০২ হতে দেখুন।

০৪। কাস্টমস বন্ড অটোমেশন পদ্ধতিতে আগামী ০১ জানুয়ারী, ২০২৫ হতে অনলাইনে আবেদন দাখিল বাধ্যতামূলক। বিলম্ব না করে বিজিএপিএমইএ **আয়োজিতব্য 'কাস্টমস বন্ড অটোমেশন সিস্টেমে আবেদন দাখিল' সংক্রান্ত প্রশিক্ষনে আবেদন করুন ১৪ ডিসেম্বর, ২০২৪ এর মধ্যে**। আবেদনের নির্দেশনাবলীসহ আবেদন ফরম সংযুক্ত করা হলো।

০৫। বাংলাদেশ শ্রম আইনের ৯৯ ধারা অনুযায়ী প্রতিটি কারখানায় গ্রুপ বীমা বাধ্যতামূলক। আয়কর আইন অনুযায়ী বীমার টাকা আয়করমুক্ত। যদিও সম্পূর্ণ বছরের বীমার সুবিধা পাওয়ার জন্য বীমাভুক্তির তারিখ শেষ হয়েছে, তবুও এসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠানের স্বার্থে চুক্তিভূক্ত বীমা কোম্পানীকে এখনও বীমাভূক্তিতে সম্মত করিয়েছে। অতএব, **মালিকদের জন্য সর্বোচ্চ ৫ লক্ষ এবং শ্রমিক/কর্মচারীদের সর্বোচ্চ ২ লক্ষ টাকার বীমা সুবিধা পেতে এখনই এসোসিয়েশনের মাধ্যমে গ্রুপ বীমার আবেদন করুন**। বিস্তারিত সংযোজনী-৪ এ দেখুন।

ধন্যবাদান্তে,

রুহিদাস জোদ্দার
অফিস সচিব, বিজিএপিএমইএ।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।


Belkuchi House, 273/3, West Manikdi (3rd FL), ECB Chattar-Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka.
Mobile : 01712 988 982, Email : bgapmea@gmail.com, info@bgapmea.org. Web : www.bgapmea.org
Regional Office:Yahya Tower (4th FL), 335 CDA Avenue, MM Ali Road, Lalkhan Bazar, Chattogram. Email:bgapmeactgregion@gmail.com
APF THE ASIAN PACKAGING FEDERATION
World Packaging Organisation

সংযোজনী-০১

GAPEXPO

# GAPEXPO – 2025

08 - 11, JANUARY 2025 | ICCB, Dhaka.




**Hall-5** (18 mtr x 50 mtr)

Printed on 27 Nov. 2024, 02:25 pm

# GAPEXPO-2025

INTERNATIONAL CONVENTION CITY BASHUNDHARA (ICCB)
DHAKA, BANGLADESH
JANUARY 08-11, 2025

BGAPMEA

GAPEXPO
"Fly higher Add Sparkle"

## STALL BOOKING FORM

(For BGAPMEA Member)

Company Name & Membership No. : .....

Address : .....

Tel No. : +880 .....

Website : .....

Contact Person :

.....

Mobile No. : +88 01.....

Email ID : .....

Number of Stall(s) : .....

Stall Rent : For Members
In Hall No. 4 & 5, International Convention City Bashundhara (ICCB), Dhaka : Tk.50,000/- (Fifty Thousand) only per stall.

Payment Details : Payment must be made to the following account -
Account Name : Bangladesh Garments Accessories & Packaging Manufacturers & Exporters Association (BGAPMEA)
Bank Name : Bank Asia Limited. Corporate Branch.
110, Bir Uttam C. R. Dutta Raod Road,
Dhaka-1205, Bangladesh.
SND Account No. : 00236000679
Swift Code : BALBBDDH002

Payment Mode :

| Bank Transfer/Cheque/DD/Pay Order No. | Date | Bank & Branch | Amount |
|---|---|---|---|
| | | | |

Signature
of the Authorized Person

Company Seal
& Date

Conditions :

1. Allocation of stall will be made on the First Come First Serve basis.
2. 75% of the total Stall Rent should be paid in advance at the time of booking and 25% at the time of final allocation.
3. Rent per stall for foreign participants is USD 1,250/- (One Thousand Two Hundred Fifty US Dollar) only.
4. Stall Size : 08X10 Ft. (80 Square Ft ).

For any query please contact : +88 01817 564 993, +88 01715 616 110, +88 01711 937 363.

**BANGLADESH GARMENTS ACCESSORIES & PACKAGING MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION [BGAPMEA]**

273/3, West Manikdi (3rd FL), ECB Chattar-Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka.
Mobile : 01712 988 982, Email : bgapmea@gmail.com, info@bgapmea.org.
Regional Office:Yahya Tower (4th FL), 335 CDA Avenue, MM Ali Road, Lalkhan Bazar, Chattogram.
www.bgapmea.org

সংযোজনী-০২

## বিজিএপিএমইএ সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রম (সিএসআর কার্যক্রম)

শিক্ষাখাত

| ইভেন্টের নাম ও অংশগ্রহণকারী | ক্যাটাগরি |
|---|---|
| রচনা প্রতিযোগিতা<br>রচনার বিষয়: গার্মেন্টস এক্সেসরিজ পণ্যের প্রয়োজনীয়তা।<br>অংশগ্রহণকারী: সদস্য প্রতিষ্ঠান, চট্টগ্রাম আঞ্চলিক অফিস এবং অ্যাসোসিয়েশন সচিবালয়ের মালিক, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের সন্তানগন। | 'ক' ক্যাটাগরি: তয় ও ৪র্থ শ্রেণির ছাত্র-ছাত্রী<br>'খ' ক্যাটাগরি: ৫ম ও ৬ষ্ঠ শ্রেণির ছাত্র-ছাত্রী<br>'গ' ক্যাটাগরি: ৭ম ও ৮ম শ্রেণির ছাত্র-ছাত্রী<br>'ঘ' ক্যাটাগরি: ৯ম ও ১০ম শ্রেণির ছাত্র-ছাত্রী |

**প্রয়োজনীয় তথ্যাবলী**

১। ১ম ও ২য় স্থান অধিকারীকে পুরস্কৃত করা হবে
২। রচনা হাতে লেখা হতে হবে।
৩। ন্যূনতম শব্দ সংখ্যা 'ক' ক্যাটাগরির জন্য ১০০ শব্দ,'খ' ক্যাটাগরির জন্য ১৫০ শব্দ,'গ' ক্যাটাগরির জন্য ২০০ শব্দ ও 'ঘ' ক্যাটাগরির জন্য ২৫০ শব্দ।
৪। পৃথক কাগজে প্রতিযোগীর নাম, পিতা/মাতার নাম (যিনি প্রতিষ্ঠানে কর্মরত) ও প্রতিষ্ঠানের সদস্য নং লিখে রচনার সাথে সংযুক্ত করে পাঠাতে হবে।
৫। স্বচ্ছতার জন্য কোডিং পদ্ধতিতে মার্কিং করা হবে।
৬। ১ কপি ফটো এবং স্টুডেন্ট আইডির ফটোকপি রচনার সাথে প্রেরণ করতে হবে।
৭। ডিসেম্বর ২০২৪ মাসের ১৫ তারিখের মধ্যে ডাক বা কুরিয়ারযোগে বা হাতেহাতে অফিস সচিব, বিজিএপিএমইএ , ২৭৩/৩, বেলকুচি হাউজ, পশ্চিম মানিকদি, মিরপুর, মোবাইল নং ০১৭১২৯৮৮৯৮২ প্রেরণ করতে হবে।
৮। পুরস্কার অর্জনকারীদের গ্যাপেক্সপো মেলা শেষে ফ্যামিলি নাইটের অনুষ্ঠানে পুরস্কার প্রদান করা হবে।
৯। বিস্তারিত জানতে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা **জনাব আয়েশা সিদ্দিকা,** সহকারী অফিস সচিব, বিজিএপিএমইএ ০১৭১২৯৮৮৯৮২।

## বিজিএপিএমইএ সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রম (সিএসআর কার্যক্রম)

খেলাধূলা ও সাংস্কৃতিক খাত

| ইভেন্টের নাম ও অংশগ্রহণকারী | ক্যাটাগরি |
|---|---|
| দাবা প্রতিযোগিতা<br>অংশগ্রহণকারী:<br>সদস্য প্রতিষ্ঠানের মালিকগণ | ১। কাস্টমস্ বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর) এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহ<br>২। কাস্টমস্ বন্ড কমিশনারেট ঢাকা (দক্ষিন) এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহ<br>৩। চট্টগ্রাম অঞ্চলের প্রতিষ্ঠানসমূহ। |

**প্রয়োজনীয় তথ্যাবলী**

১। ২ নং কলামে বর্ণিত কাস্টমস্ বন্ড কমিশনারেটের এলাকাভিত্তিক প্রতিষ্ঠানের মালিকগণের পরস্পর পরস্পরের প্রতিযোগী হবেন।
২। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুকদের ১৫ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যেনিম্নে বর্ণিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট নাম, প্রতিষ্ঠানের নাম এবং সদস্য নং জানাতে হবে।
৩। গ্যাপেক্সপো মেলার ১ম দিন ১ম রাউন্ড প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
৪। গ্যাপেক্সপো মেলার ২য় দিন ১ম রাউন্ডে বিজয়ীদের মধ্যে ২য় রাউন্ডে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
৫। গ্যাপেক্সপো মেলার ৩য় দিন ২য় রাউন্ডে বিজয়ীদের মধ্যে ফাইনাল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
৬। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা: **মো: আবুল বাশার**, উপ-প্রধান হিসাব কর্মকর্তা মোবাইল: ০১৭৬৮৬৭৬০৩৭ এবং **মো: ওমর ফারুক খান**, ল্যাব এ্যাসিসটেন্ট, মোবাইল: ০১৮২২৮০৪৩৩৬
৭। বিজয়ী ও বিজয়ীদের (০৬ টি) গ্যাপেক্সপো মেলা শেষে ফ্যামিলি নাইটের অনুষ্ঠানে পুরস্কার প্রদান করা হবে।
৮। বিস্তারিত জানতে: **জনাব আয়েশা সিদ্দিকা,** সহকারী অফিস সচিব, বিজিএপিএমইএ ০১৭১২৯৮৮৯৮২।

P.T.O

## বিজিএপিএমইএ সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রম (সিএসআর কার্যক্রম)

নারীর ক্ষমতায়ন খাত

| ইভেন্টের নাম ও অংশগ্রহণকারী | ক্যাটাগরি |
|---|---|
| "বিজিএপিএমইএ সুকন্যা বৃত্তি"<br>সুকন্যা বৃত্তি অথবা মেধা বৃত্তি যে কোন একটিতে আবেদন করতে হবে।<br>অংশগ্রহণকারী: সদস্য প্রতিষ্ঠানে কর্মরত শুধুমাত্র ওয়ার্কার, শ্রমিক ও কর্মচারীদের কন্যা সন্তানগণ (কর্মকর্তার সন্তান ব্যতীত) | ১। ৫ম শ্রেণি হতে ৯ম শ্রেণির ছাত্রীবৃন্দ<br>২। বৃত্তির পরিমাণ:<br>৫ম শ্রেণি: ৫,০০০ X ২ =১০,০০০/-, ৬ষ্ঠ শ্রেণি: ৬,০০০ X ২= ১২,০০০/-<br>৭ম শ্রেণি: ৭,০০০ X ২=১৪,০০০/-, ৮ম শ্রেণি: ৮,০০০ X ২= ১৬,০০০/-<br>৯ম শ্রেণি: ৯,০০০ X ২=১৮,০০০/-, |

**প্রয়োজনীয় তথ্যাবলী**

১। সুকন্যা বৃত্তি অথবা মেধা বৃত্তি যে কোন একটিতে আবেদন করতে হবে। উভয়টিতে আবেদন করলে মেধা বৃত্তির আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।

২। প্রতি শ্রেণির ক্ষেত্রে আবেদনকারীদের মধ্যে সর্বোচ্চ নম্বরধারী ১ম ও ২য় স্থান অর্জনকারীকে চেকের মাধ্যমে বৃত্তি প্রদান করা হবে।

৩। সকল বিষয়ে গড়ে ৮০% বা তার বেশী নম্বরধারীরা আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে

৪। সাদা কাগজে নিজ হাতে সভাপতি বিজিএপিএমইএ বরাবরে লিখে আবেদন করতে হবে।

৫। আবেদনকারীর ১ কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ফটো, স্কুল শিক্ষক দ্বারা সত্যায়িত মার্কসিটের কপি এবং পিতা বা মাতা যিনি সদস্য প্রতিষ্ঠানে চাকুরী করেন তার আইডি কার্ডের ফটোকপি আবেদনের সাথে প্রেরণ করতে হবে।

৬। ডিসেম্বর ২০২৪ এর ১৫ তারিখের মধ্যে ডাক, কুরিয়ার বা হাতে হাতে: অফিস সচিব, বিজিএপিএমইএ , ২৭৩/৩, বেলকুচি হাউজ, পশ্চিম মানিকদি, মিরপুর, মোবাইল নং ০১৭১২৯৮৮৯৮২ এ প্রেরণ করতে হবে। সফটকপি গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

৭। পুরস্কার অর্জনকারীদের গ্যাপেক্সপো মেলা শেষে ফ্যামিলি নাইটের অনুষ্ঠানে পুরস্কার প্রদান করা হবে।

৮। বিস্তারিত জানতে: জনাব আয়েশা সিদ্দিকা, সহকারী অফিস সচিব, বিজিএপিএমইএ ০১৭১২৯৮৮৯৮২।

## বিজিএপিএমইএ মেধা বৃত্তি-২০২৫

(বিজিএপিএমইএ প্রেসিডেন্ট মেধা বৃত্তি-২০২৫ স্পন্সর বাই আদজি ট্রিমস লি.)

| ইভেন্টের নাম ও অংশগ্রহণকারী | ক্যাটাগরি |
|---|---|
| "বিজিএপিএমইএ মেধা বৃত্তি-২০২৫"<br>অংশগ্রহণকারী: সদস্য প্রতিষ্ঠানের মালিক, শ্রমিক, কর্মকর্তা-কর্মচারী এবং অ্যাসোসিয়েশনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানগণ। | ৫ম শ্রেণি হতে ৯ম শ্রেণির ছাত্র-ছাত্রীবৃন্দ<br>বৃত্তির পরিমাণ:<br>১। ৫ম শ্রেণি: ৫,০০০ X ২ =১০,০০০/, ২। ৬ষ্ঠ শ্রেণি: ৬,০০০ X ২= ১২,০০০/-<br>৩। ৭ম শ্রেণি: ৭,০০০ X ২=১৪,০০০/-,৪। ৮ম শ্রেণি: ৮,০০০ X ২= ১৬,০০০/-<br>৫। ৯ম শ্রেণি: ৯,০০০ X ২=১৮,০০০/- |

**প্রয়োজনীয় তথ্যাবলী**

১। প্রতি শ্রেণির ক্ষেত্রে আবেদনকারীদের মধ্যে সর্বোচ্চ নম্বরধারী ১ম ও ২য় স্থান অর্জনকারীকে চেকের মাধ্যমে বৃত্তি প্রদান করা হবে।

২। সকল বিষয়ে গড়ে ৮০% বা তার বেশী নম্বরধারীরা আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে

৩। সাদা কাগজে নিজ হাতে সভাপতি বিজিএপিএমইএ বরাবরে লিখে আবেদন করতে হবে।

৪। আবেদনকারীর ১ কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ফটো, স্কুল শিক্ষক দ্বারা সত্যায়িত মার্কসিটের কপি এবং পিতা বা মাতা যিনি সদস্য প্রতিষ্ঠানে চাকুরী করেন তার আইডি কার্ডের ফটোকপি আবেদনের সাথে প্রেরণ করতে হবে।

৫। ডিসেম্বর ২০২৪ এর ১৫ তারিখের মধ্যে ডাক, কুরিয়ার বা হাতে হাতে: অফিস সচিব, বিজিএপিএমইএ , ২৭৩/৩, বেলকুচি হাউজ, পশ্চিম মানিকদি, মিরপুর, মোবাইল নং ০১৭১২৯৮৮৯৮২ এ প্রেরণ করতে হবে। সফটকপি গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

৬। পুরস্কার অর্জনকারীদের গ্যাপেক্সপো মেলা শেষে ফ্যামিলি নাইটের অনুষ্ঠানে পুরস্কার প্রদান করা হবে।

৭। বিস্তারিত জানতে: জনাব আয়েশা সিদ্দিকা, সহকারী অফিস সচিব, বিজিএপিএমইএ ০১৭১২৯৮৮৯৮২।

P.T.O

## বিজিএপিএমইএ সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রম (সিএসআর কার্যক্রম)

পরিবেশ ও জলবায়ু সংরক্ষন খাত

| ইভেন্টের নাম | ক্যাটাগরি |
|---|---|
| "বিজিএপিএমইএ পরিবেশ সংরক্ষন কার্যক্রম": বৃক্ষদান ২০২৪ | স্বেচ্ছায় বৃক্ষ নিতে আগ্রহীদেরকে বিনামূল্যে বৃক্ষদান। |

প্রয়োজনীয় তথ্যাবলী

১। গ্যাপেক্সপো চলাকালীন প্রথম ২দিন বিজিএপিএমইএ স্বেচ্ছায় রক্তদান ক্যাম্পে এবং মেলায় বিজিএপিএমইএ এর অফিসিয়াল স্টলে একটি রেজিস্ট্রারে লিপিবদ্ধ রেখে যারা স্বেচ্ছায় বৃক্ষ নিতে আগ্রহী তাদের মধ্যে বৃক্ষ বিতরণ।

২। পরিচালনা পরিষদের কোন একজন সদস্যকে এবং বিজিএপিএমইএ অফিসিয়াল স্টলে ও রক্তদান ক্যাম্পে কর্মরত সচিবালয়ের কর্মকর্তার মাধ্যমে কাজটি করা যেতে পারে।

৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা: ১) **জনাব মো: আব্দুল হালিম জাহাঙ্গীর**, যুগ্ম অফিস সচিব, মোবাইল: ০১৮১৭৫৬৪৯৯৩
২) **জনাব মো: আব্দুল আলিম**, সহকারী অফিস সচিব, মোবাইল: ০১৭১৫৬১৬১১০।

৪। বিস্তারিত জানতে: **জনাব আয়েশা সিদ্দিকা**, সহকারী অফিস সচিব, বিজিএপিএমইএ ০১৭১২৯৮৮৯৮২।

## বিজিএপিএমইএ সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রম (সিএসআর কার্যক্রম)

স্বাস্থ্যখাত

| ইভেন্টের নাম | ক্যাটাগরি |
|---|---|
| "বিজিএপিএমইএ স্বেচ্ছা রক্তদানকর্মসূচী" সকলের জন্য সেচ্ছামূলক | স্বাস্থ্যগতভাবে রক্তদানে সক্ষম সকল ব্যক্তি |

প্রয়োজনীয় তথ্যাবলী

১। গ্যাপেক্সপো মেলার প্রবেশদ্বারের ভিতরে অথবা প্রবেশদ্বারের বাহিরে একটি তাবু স্থাপন করে কোয়ান্টাম ফাউন্ডেশন, সন্ধানী , বাধন বা অন্যকোন স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে কাজটি সম্পাদন করা।

২। যারা স্বেচ্ছায় রক্তদান করবেন তাদেরকে বিজিএপিএমইএ এর পক্ষ হতে লিখিতভাবে একটি ধন্যবাদ জ্ঞাপন পত্র, একটি টোকেন উপহার এবং নাস্তার ব্যবস্থা করা।

৩। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা: **জনাব মো: আব্দুল আলিম**, সহকারী অফিস সচিব, মোবাইল: ০১৭১৫৬১৬১১০

৪। বিস্তারিত জানতে **জনাব আয়েশা সিদ্দিকা**, সহকারী অফিস সচিব, বিজিএপিএমইএ ০১৭১২৯৮৮৯৮২।

সংযোজনী-০৬

BANGLADESH GARMENTS ACCESSORIES & PACKAGING MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION [BGAPMEA]
বাংলাদেশ গার্মেন্টস্ এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)
BGAPMEA
Belkuchi House, 273/3, West Manikdi (3rd FL), ECB Chattar-Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka.
Mobile : 01712 988 982, Email : bgapmea@gmail.com, info@bgapmea.org, Web : www.bgapmea.org
Regional Office:Yahya Tower (4th FL), 335 CDA Avenue, MM Ali Road, Lalkhan Bazar, Chattogram. Email:bgapmeactgnigmail.com

# বিজিএপিএমইএ এর উদ্যোগে জাতীয় রাজস্ব বোর্ডের সহায়তায় কাস্টমস্ বন্ড অটোমেশন সিস্টেমে সেবা প্রাপ্তির আবেদন দাখিল সংক্রান্ত প্রশিক্ষনের তথ্যাবলী।

১। আইটিতে প্রাথমিক জ্ঞানসম্পন্ন এবং যারা সদস্য প্রতিষ্ঠানের পক্ষে আমদানি প্রাপ্যতা, মেশিন সংযোজন, ইউপি ইত্যাদি সংক্রান্ত সেবা পাওয়ার জন্য অনলাইনে কাস্টমস্ বন্ড কমিশনারেটে আবেদন করবেন তাদের জন্য প্রশিক্ষণটি প্রয়োজন।

২। **জাতীয় রাজস্ব বোর্ডের বন্ড অটোমেশন সংক্রান্ত আইটি এক্সপার্ট প্রশিক্ষক হিসেবে কাজ করবেন।**

৩। প্রশিক্ষণ হতে কোন্ কোন্ সেবাগুলো পাওয়ার জন্য অনলাইনে আবেদন করতে হবে তা জানা যাবে।

৪। কোন সেবার আবেদন অনলাইনে শুরু করার পূর্বে কোন্ কোন্ ডকুমেন্টসগুলো কম্পিউটার/ল্যাপটপে সফট কপিতে সংরক্ষনে নিতে হবে তা জানা যাবে।

৫। কাস্টমস্ সংক্রান্ত কোন্ সেবার জন্য কত ফি দিতে হবে এবং কোন্ কোডে কিভাবে পরিশোধ করতে হবে তা জানা যাবে।

৬। অনলাইনে আবেদন শুরু করার পর কোন পর্যায়ে সমস্যার সম্মুখীন হলে কিভাবে সমাধান করতে হবে, কার সাথে যোগাযোগ করতে হবে তা জানা যাবে।

৭। দিনব্যাপী (**সকাল ১০:০০ টা থেকে বিকেল ৪:০০ টা পর্যন্ত**) প্রশিক্ষনে হাতে-কলমে অনলাইনে আবেদন দাখিল শেখানো হবে।

৮। ১ম ব্যাচে জাতীয় রাজস্ব বোর্ডে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানের উপস্থিতিতে ৭০ জনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৯। ২য় ব্যাচ ও ৩য় ব্যাচ কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর) ও ঢাকা (দক্ষিন) এ অনুষ্ঠিত হবে। যেখানে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), কাস্টমস বন্ড কমিশনারেটের কমিশনারবৃন্দ প্রধান অতিথি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

১০। আগামী ১৫ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত প্রশিক্ষনের জন্য আবেদন গ্রহন করা হবে এবং ৩১ ডিসেম্বর সময়ের মধ্যে এ সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন করা হবে।

১১। প্রশিক্ষনের তারিখ ধার্য্য করে মোবাইল এসএমএস ও ফোনের মাধ্যমে যথারীতি জানানো হবে।

১২। যেহেতু ৩১ ডিসেম্বর, ২০২৪ এর পর ম্যানুয়ালী কাস্টমস সংক্রান্ত কোন সেবার আবেদন দাখিল করা যাবে না, সেহেতু এখনই প্রশিক্ষণ গ্রহনের জন্য সংযুক্ত ফরম পূরণপূর্বক আবেদন করতে হবে।

১৩। প্রশিক্ষনের জন্য অবশ্যই বিজিএপিএমইএ এর **বিকাশ একাউন্টে (নম্বর ০১৭৬৮-৬৭৬০৩৭)** জনপ্রতি রেজিস্ট্রেশন ফি বাবদ **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদানপূর্বক সাথে সাথে এসএমএস এর ম্যাধমে টাকা প্রেরণের বিকাশ নাম্বারে অথবা **জনাব আয়েশা সিদ্দিকা, সহকারী অফিস সচিব (মোবাইল নং-০১৭১২১৩২০৪৬)** এ এসএমএস এর মাধ্যমে জানাতে হবে।

১৪। **প্রশিক্ষনে অবশ্যই ল্যাপটপ সাথে নিয়ে আসতে হবে। বিজিএপিএমইএ ট্রেনিং সেন্টার কোন ল্যাপটপ সরবরাহ করবে না।**

১৫। প্রশিক্ষনের কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করবেন **জনাব মো: আব্দুল হালিম (জাহাঙ্গীর)**, যুগ্ম-অফিস সচিব (মোবাইল নং-০১৮১৭৫৬৪৯৯৩) এবং কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করবেন **জনাব মুহাম্মদ জিল্লকদ চৌধুরী**, উপ-অফিস সচিব (মোবাইল নং-০১৭১১৯৩৭৩৬৩)।

**আয়োজনে**

**বিজিএপিএমইএ ইনস্টিটিউট অব প্যাকেজিং এন্ড এক্সেসরিজ (বিপা)**

P.T.O

বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং
ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)
বেলকুচি হাউস (৪র্থ তলা), ২৭৩/৩, পশ্চিম মানিকদী, ইসিবি চত্বর-মিরপুর ডিওএইচএস লিংক রোড, ঢাকা।

**কাস্টমস্ বন্ড অটোমেশন সফটওয়্যারে সেবা প্রাপ্তির আবেদন দাখিল পদ্ধতি সম্পর্কে হাতে-কলমে এক দিনের (সকাল ১০:০০ টা থেকে বিকেল ৩:০০ টা) প্রশিক্ষণ গ্রহণের রেজিস্ট্রেশন ফরম।**

আবেদনের ক্রমানুসারে যে তারিখ নির্ধারিত হবে সেই তারিখে বিষয়ে বর্ণিত প্রশিক্ষণ গ্রহণের নিমিত্তে নিম্নে আমার প্রয়োজনীয় তথ্য লিপিবদ্ধ করলাম:

১। প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক কর্মকর্তার নাম ও পদবী:----------
(ইংরেজী বড় হাতের অক্ষরে)

২। প্রতিষ্ঠানের নাম: ----------ও বিজিএপিএমইএ এর সদস্য নং:--------

৩। প্রতিষ্ঠানের মালিক/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নাম ও মোবাইল নং:----------

৪। ইন্টারনেট ব্রাউজিং এবং আইটি সম্পর্কিত কাজ করার প্রাথমিক জ্ঞান আছে কি না (হ্যাঁ/না):-----

৫। প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক এরূপ সম্ভাব্য তারিখ উল্লেখ করুন:----------

৬। আবেদনকারীর মোবাইল নং:----------

৭। ই-মেইল এড্রেস:----------

৮। রেজিস্ট্রেশন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা বিজিএপিএমইএ এর বিকাশ নং- (০১৭৬৮-৬৭৬০৩৭) এ প্রেরনের ট্রানজেকশন নং- ----------ও তারিখ:---------।

---
আবেদনকারীর সাক্ষর ও তারিখ

---------- **বিজিএপিএমইএ এর অফিসিয়াল ব্যবহারের জন্য** ----------

০১। আবেদন প্রাপ্তির ক্রমিক নং- ----------, তারিখঃ ----------, ব্যাচ নম্বরঃ ---------

০২। বিজিএপিএমইএ এর নিবন্ধনকারী কর্মকর্তার নাম স্বাক্ষর ও সীলঃ ----------

## বিজিএপিএমইএ এর সদস্যভূক্ত প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিক/কর্মচারীদের কল্যাণার্থে ০১ অক্টোবর/২০২৪ থেকে ৩০ সেপ্টেম্বর/২০২৫ মেয়াদে এক বছরের জন্য গ্রুপবীমা প্রসঙ্গে।

০১। **গ্রুপ বীমা সুবিধার পরিমানঃ** মালিক ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং শ্রমিক/কর্মচারী জনপ্রতি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা মৃত্যু দাবী পাবেন। তাছাড়া, **স্থায়ী সম্পূর্ণ অক্ষমতা** বা অঙ্গহানী জনিত কারনে অক্ষমতা ও বীমার ধরণ অনুযায়ী মালিকদের সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ও শ্রমিক/কর্মচারী জনপ্রতি ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং **স্থায়ী আংশিক সম্পূর্ণ অক্ষমতায়** জখম/ক্ষতিপূরণের হার বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন এর প্রথম তফসিল (ধারা ২(১), (৬৭) এবং ধারা ১৫১ মোতাবেক হবে।

০২। **গ্রুপ বীমার প্রিমিয়ামের হারঃ**

(ক) প্রতিষ্ঠানের মালিক হলে (বয়স ১৮-৬৪)ঃ

| বীমাকারীর বয়স | প্রিমিয়ামের হার বার্ষিক | বীমাকারীর বয়স | প্রিমিয়ামের হার বার্ষিক |
|---|---|---|---|
| ১৮-৬০ বছর | * ২.০০ X ৫০০ = টাঃ ১,০০০/- | ৬০ বছর + | ১৪.৪০ X ৫০০ = টাঃ ৭,২০০/- |
| ৬১ বছর + | ১৬.২০ X ৫০০ = টাঃ ৮,১০০/- | ৬২ বছর + | ১৮.৫০ X ৫০০ = টাঃ ৯,২৫০/- |
| ৬৩ বছর + | ২১.৫০ X ৫০০ = টাঃ ১০,৭৫০/- | ৬৪ বছর + | ২৫.১০ X ৫০০ = টাঃ ১২,৫৫০/- |
| ৬৫ বছর | বীমাভূক্তি করা যাবে না। | | |

* প্রিমিয়ামের হার ক্যালকুলেশনঃ ১৮-৬০ বছর বয়স্কদের ক্ষেত্রে প্রতি হাজার বীমার কভারেজে প্রিমিয়াম ২.০০ টাকা হিসেবে সর্বোচ্চ কভারেজ ৫ লক্ষ টাকা এবং ৫০০ হাজারে বার্ষিক প্রিমিয়াম ১,০০০/-।

(খ) শ্রমিক-কর্মচারী শুধুমাত্র যাদের বয়স ১৮-৫৯ এর মধ্যেঃ জনপ্রতি বার্ষিক প্রিমিয়াম ৪১৫/-।

০৩। **তথ্য প্রেরণের ছকঃ** বীমাভূক্তির জন্য মালিক ও শ্রমিক কর্মচারীদের নামের তালিকা নিম্নলিখিত ছকে ইংরেজীতে প্রস্তুতপূর্বক প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ফরোয়ার্ডিংসহ প্রেরণ করতে হবে। ইন্স্যুরেন্স কোম্পানীর ডাটাবেজে সমন্বয়ের জন্য সফটকপি (এক্সেল অথবা ওয়ার্ড ফরমেটে) হার্ড কপির পাশাপাশি ই-মেইলের মাধ্যমে (bgapmea@gmail.com) এসোসিয়েশনে প্রেরণ করতে হবেঃ

| Sl. No. | Name | Father's Name | ID/Job Card No./Designation | Date of Birth | Date of Joining |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| | | | | | |

<u>বিঃদ্রঃ</u> (ক) তালিকা উর্ধ্বক্রমানুসারে হতে হবে। প্রত্যেক পৃষ্ঠায় পৃষ্ঠা নম্বর, কর্তৃপক্ষের স্বাক্ষর, সিল ও তারিখ থাকতে হবে। তাছাড়া প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে এ মর্মে প্রত্যয়ন দিতে হবে যে, *"তালিকাভুক্ত সকল মালিক ও শ্রমিক/কর্মচারী সুস্বাস্থের অধিকারী এবং সকলেই স্ব-শরীরে কর্মস্থলে উপস্থিত আছেন"*;

(খ) গ্রুপ বীমা করার জন্য **'বিজিএপিএমইএ'** এর বরাবরে পে-অর্ডার আবেদনের সাথে দাখিল করতে হবে;

(গ) শ্রমিক-কর্মকর্তা-কর্মচারীর হ্রাস/বৃদ্ধির তালিকা প্রতি দুইমাস অন্তর প্রদান করতে হবে।

০৪। ১২ (বার) মাসের জন্য বীমা সুবিধা প্রাপ্তির লক্ষ্যে কোন প্রতিষ্ঠান প্রতিষ্ঠানের ফান্ড হতে বীমার প্রিমিয়ামের টাকা জমা প্রদানপূর্বক বীমাভূক্ত কর্মরতদের নিকট থেকে মাসিক কিস্তিতে উক্ত টাকা আদায় করার ব্যবস্থা করতে পারে।